



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৬৬.২১-১২১৩

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ২০৭৬/২০২১ সরকার পক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ১৬/০২/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার মাদারগঞ্জ পৌরসভা নির্বাচনে জনাব রায়হান আহম্মেদ জুয়েল এর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৪ (চার) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, জামালপুর।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২০৭৬/২০২১ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকার পক্ষে মামলা পরিচালনা ও Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সজ্ঞা প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।

২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৬৬.২১-১২১৩/১

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, শাহাবাগ, ঢাকা-১০০০।
- ২) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৩) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব